

বেসরকারি শিক্ষক কর্মচারীদের এমপিও স্থগিতাদেশ প্রত্যাহার দাবি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার : বেসরকারি শিক্ষক-কর্মচারীদেরকে প্রদত্ত এমপিও স্থগিতাদেশ প্রত্যাহার ও চাকরিচ্যুত নির্দেশ শিক্ষক-কর্মচারীদের চাকরি পুনর্বহালের দাবি মানিয়েছে বাংলাদেশ শিক্ষক কর্মচারী ঐক্য পরিষদ।

গতকাল ওরফার পুরানা পল্টনের মনি সিংহ-ফরহাদ মুজিবিস্ট ভবনে এক মতকিনিময় সভায় পরিষদের নেতৃবৃন্দ বলেন, শিক্ষকদের অন্ন-বস্ত্র-বাসস্থানের ব্যবস্থা নিশ্চিত না হলে তাদের পক্ষে শাসিকা প্রদান সম্ভব নয়। তারা বলেন, দেশের শিক্ষা কার্যক্রমে একটি বড়ো ভূমিকা রাখছে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলো।

পরিষদের আহ্বায়ক অধ্যক্ষ এম এ আউয়াল সিদ্দিকীর সভাপতিত্বে সংগঠিত সভায় আরো বক্তব্য রাখেন ড. ম আবতালক্বমান, প্রদীপ চক্রবর্তী, শাহজাহান আলম সাহু, আবুবকর সিদ্দিক, এম এ হারীসহ পরিষদের অন্যান্য নেতৃবৃন্দ।

চাকরিচ্যুত, নির্যাতিত ও এমপিও স্থগিতকৃত শিক্ষকদের মধ্যে বক্তব্য রাখেন শ্যামলী নাসরিন খোঁচাধুরী, সাল্লাউদ্দিন হুইয়া, জয়নুল আবেদীন ও আবুল কাশেম।

সভায় সর্বসম্মতিক্রমে ৬টি প্রস্তাব গৃহীত হয়। প্রস্তাবাবলী বাস্তবায়নের পক্ষে আগামী ৩০ মে সোমবার কেন্দ্রীয়ভাবে ঢাকার মুক্তাসনে ও সারা দেশের জেলা সদরে দুপুর ১২টায় বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভার কর্মসূচি ঘোষণা করা হয়।